

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 23-11-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, শিশু ও মায়েদের স্বাস্থ্য পরিকাঠামোর আরও উন্নয়নের লক্ষ্যে কাজ করছে রাজ্য সরকার। তার জন্য চিকিৎসকদের স্বেচ্ছাসেবিত্ব মতামত ও পরামর্শ দরকার। গতকাল আগরতলার একটি বেসরকারি হোটেলে শিশু চিকিৎসকদের দু'দিনের বার্ষিক রাজ্য সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, এই ধরনের সম্মেলনের লক্ষ্য হওয়া উচিত আগামী প্রজন্মের স্বাস্থ্য সুরক্ষার বিষয় রাজ্যের মানুষকে যাতে চিকিৎসার জন্য বাইরে যেতে না হয় তার জন্য চিকিৎসকদের দায়িত্ব নেওয়ার আহ্বান রাখেন তিনি। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংগঠনের সম্পাদক ডা: সুজিত চক্রবর্তী ও অন্যান্য চিকিৎসকগণ। অনুষ্ঠানের সংগঠনের পক্ষ থেকে লাইফটাইম এচিভমেন্ট দেওয়া হয় শিশু চিকিৎসক ডা: পার্থসারথী চক্রবর্তীকে।

NEW LABOUR CODES:

দেশে কার্যকর চারটি নতুন শ্রম বিধিকে স্বাগত জানিয়েছে সমাজের বিভিন্ন মহল। সামাজিক মাধ্যমে এক বিবৃতিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, শ্রম আইনগুলি কার্যকর হওয়ায়, আন্তর্জাতিক সমাজ সুরক্ষা, ন্যায্যতম ও সময়মতন মজুরি প্রদান, নিরাপদ কর্মক্ষেত্র, মহিলা ও যুবদের নির্দিষ্ট পারিশ্রমিকের সুযোগ সৃষ্টি হবে। এর দরুন শ্রমিকদের অধিকার নিশ্চিত হওয়ার পাশাপাশি দেশের

অর্থনৈতিক উন্নয়ন সম্ভব হবে বলে প্রধানমন্ত্রী জানান। বিকশিত ভারতের লক্ষ্যে এই আইন কার্যকর হওয়ায়, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, শ্রম আইনের ইতিহাসে এটি একটি বৃহৎ সংস্কার। এই আইনের ফলে শ্রমজীবীদের জীবনের মানোন্নয়ন সম্ভব হবে বলে জানান তিনি।

বিভিন্ন শিল্প সংস্থাও নতুন চারটি শ্রম বিধিকে স্বাগত জানিয়েছে। সামাজিক সুরক্ষা বৃদ্ধির পাশাপাশি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এই সিদ্ধান্ত এক মাইলফলক বলে উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য, কয়েকদশক প্রাচীন শ্রম কোডকে সরলীকরণের উদ্দেশ্যে চারটি নতুন শ্রম বিধি The Code on Wages, ২০১৯, the Industrial Relations Code, ২০২০, the Code on Social Security, ২০২০ এবং the Occupational Safety, Health and Working Conditions Code, ২০২০ ইতিমধ্যেই কার্যকর হয়েছে।

ত্রিপুরা সরকারী কর্মচারী ফেডারেশনের মহাসচিব সমর রায় নতুন শ্রমবিধিকে স্বাগত জানিয়েছেন।

PUTHIBA TEMPLE-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন রাজ্য সরকার রাজ্যের সব সম্প্রদায়ের কৃষ্টি, সংস্কৃতি, ঐতিহ্য ও তাদের সামাজিক রীতিনীতি অটুট রাখতে বদ্ধপরিকর। গতকাল আগরতলার অভয়নগরে মনিপুরি সম্প্রদায়ের ধর্মীয় প্রতিষ্ঠান ইপুখাও পুথিবার নতুন ত্রিতল মন্দিরের দ্বারোদঘাটন অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা একটি মিশ্র সংস্কৃতির রাজ্য। এখানে সব

ধর্মের সব সম্প্রদায়ের লোক বসবাস করেন। মনিপুরী সম্প্রদায়ের লোকসংস্কৃতি, বয়নশিল্প সারা বিশ্বে সমাদৃত। ত্রিপুরার প্রশাসনিক ও ক্রীড়া ক্ষেত্রে মনিপুরী সম্প্রদায়ের বিশেষ অবদান রয়েছে বলে তিনি উল্লেখ করেন।

#####Byte CM#####

Minister Sudhangshu Das:

প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, রাজ্যের প্রতিটি ব্লকে প্রাণী চিকিৎসার সুবিধার জন্য একটি করে প্রাণী এম্বুলেন্স দেওয়া হবে। এ লক্ষ্যে শীঘ্রই ৫০টি প্রাণী এম্বুলেন্স ক্রয় করা হচ্ছে। এজন্য সাড়ে চার কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। গতকাল ঊনকোটি জেলার ফটিকরায়ে নজরুল কলাকেন্দ্রে ভারতীয় কৃষি গবেষণা পরিষদ বা I.C.A.R এর উদ্বোধনে আয়োজিত প্রাণী চিকিৎসা শিবির ও গো-খাদ্য চাষ বিষয়ক আলোচনাচক্রের উদ্বোধন করে তিনি ভাষণ দিচ্ছিলেন।

তিনি জানান, রাজ্যে দুধ উৎপাদন বাড়াতে "মুখ্যমন্ত্রী উন্নত গো-ধন প্রকল্প" চালু করা হয়েছে। ডিম, মাংস উৎপাদন বৃদ্ধির জন্য ও সরকারী কর্মধারা চলছে।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ ও বিদেশের মানুষের সাথে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি "মন কি বাতে"র ১২৮তম পর্ব হবে। এই অনুষ্ঠানের জন্য জনগণ তাদের ধারণা এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনেও মতামত জানানো যাবে। এছাড়াও

১৯২২ নম্বরে মিসড কল দিয়ে, প্রাপ্ত লিঙ্কে সরাসরি পরামর্শ জানাতে পারেন।
আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত
পরিষ্কার থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা
থাকবে ৩০ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল
১৬.২ ডিগ্রি সেলসিয়াস।
